মেহেরপুরে আজ থেকে বোম্বায় ও ১৮ মে হিমসাগর সংগ্রহ শুরু

মেহেরপুরে নিরাপদ, বিষমুক্ত ও পরিপক্ক আম বাজারজাত নিশ্চিত করতে বিভিন্ন জাতের আম সংগ্রহের তারিখ নির্ধারণ করেছে জেলা প্রশাসন।

নির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী, আজ ১১ মে থেকে বোম্বায় ও গোপালভোগ আম ভাঙা শুরু হবে। আর জনপ্রিয় হিমসাগর আম সংগ্রহ করা যাবে আগামী ১৮ মে থেকে।

রোববার সদর উপজেলা পরিষদের হলরুমে স্থানীয় আমচাষি, ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

নির্ধারিত সূচি অনুযায়ী, ফজলি আম ২৩ জুন, ল্যাংড়া ২৮ মে এবং মল্লিকা ১০ জুন থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া সর্বশেষ ১৫ জুলাই থেকে বিশ্বনাথ, আশ্বিনা ও বারি-১২ জাতের আম ভাঙা যাবে।

আলোচনা সভায় ক্ষতিকর রাসায়নিকমুক্ত নিরাপদ আম উৎপাদন ও বাজারজাতকরণের স্বার্থে আম সংগ্রহের নির্ধারিত সময় মেনে চলা, আমে ক্ষতিকর স্প্রে নিয়ন্ত্রণ এবং সার্বিক মনিটরিং জোরদারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।